সরল ভাষার লিখিত বিবৃত্তি
[বিশ্ব স্বাস্থ্যের জন্য নোসাল ইনস্টিটিউট*, ইউনিভার্সিটি অফ মেলবোর্ন]

প্রকল্প: কেমন যাচ্ছে আপনার দিনকাল?

প্রফেসর বারবারা ম্যাকপ্যাকে (দায়িত্বশীল গবেষক)

টেলিফোন: +৬১ ৩ ৮৩৪৪৯২৯৯ ইমেইল: ni-info@unimelb.edu.au

THE UNIVERSITY OF MELBOURNE

ভূমিকা

এই গবেষণা প্রকল্পে অংশ নেওয়ার আগ্রহের জন্য আপনাকে ধন্যবাদ

নীচের লেখাগুলো আপনাকে এই প্রকল্প সম্পর্কে আরও তথ্য সরবরাহ করবে, যাতে আপনি এই গবেষণায় অংশ নিতে চান কিনা তা আপনি সিদ্ধান্ত নিতে পারেন

সাবধানে এই তথ্য গুলো পড়তে সময় নিন। যে প্রশ্নগুলো বুঝতে আপনার অসুবিধা হয় সেগুলো জানতে আমাদের প্রশ্ন করতে পারেন।

আপনার অংশগ্রহণ বিনা পারিশ্রমিকে

আপনার যদি অংশগ্রহণ করতে ইচ্ছে না হয়, তাহলে আপনাকে অংশগ্রহণ করতেই হবে না।

আপনি যদিও বা অংশগ্রহণ করেন, আপনি যে কোনো মুহূর্তে এই জরিপে অংশগ্রহণ থেকে বিরত থাকতে পারেন।

এই গবেষণা কি সম্পর্কে?

এই গবেষণার মূল লক্ষ্য কোভিড - ১৯ মহামারীর কারণে বিশ্বব্যাপী আর্থ-সামাজিক, ব্যক্তি এবং পরিবার ও সমাজের ওপরে কি প্রভাব বিস্তার করলো তার ফলাফল বিশ্লেষণ করা।

এই গবেষণা প্রভাবগুলি কত বড় তা আবিষ্কার করবে। তাদের সামাজিক এবং অর্থনৈতিক পরিস্থিতিতে এবং সময়ের সাথে সাথে বিভিন্ন দেশে, বিভিন্ন ব্যক্তির ওপর কিভাবে আলাদা প্রভাব ফেলছে।

এই প্রজেক্ট, নোসাল ইনস্টিটিউট এবং স্কুল অফ পপুলেশন এন্ড গ্লোবাল হেলথ, ইউনিভার্সিটি অফ মেলবোর্ন এর অর্থায়নে সম্পাদিত হচ্ছে।

আমাকে কী করতে বলা হবে?

আপনি যদি অংশগ্রহণ করতে ইচ্ছুক, তাহলে আপনাকে কিছু প্রশ্নের জবাব দিতে বলা হবে, আপনার স্বাস্থ্য এবং ভালোথাকা সম্মন্ধে, আপনার পারিপার্শ্বিক এবং আর্থিক অবস্থা সম্বন্ধেও কিছু প্রশ্ন জিজ্ঞেস করা হবে।

আমরা আশা করছি এই জরিপটি আপনার সময় থেকে ৩০ থেকে ৪৫ মিনিটের বেশি নেবে না।

আপনি অন্য কারও পক্ষেও এই জরিপে অংশ নিতে পারেন, তারা যদি আপনার প্রতিক্রিয়ার সাথে সম্মত হয় এবং তারা যেন মনে না করে যে আপনি তাদের চাপ দিয়ে উত্তর গুলো সংগ্রহ করেছেন।

আমরা অত্যন্ত সাবধানতার সাথে পরামর্শ দিচ্ছি যে, আপনি এই বিবৃতিটি সেই ব্যক্তির কাছে পড়ে শোনান, যার পক্ষে আপনি এই জরিপে অংশ নিতে তাদের সম্মতি চান।

এই জরিপ আপনার পরিস্থিতি বা সময়ের সাথে কীভাবে পরিবর্তিত হয় সে সম্পর্কে জানার ব্যাপারে তথ্য জানতে আগ্রহী।

আপনি যদি আমাদের একটি ইমেল ঠিকানা সরবরাহ করেন, আমরা তবে আপনার সাথে আবার যোগাযোগ করতে পারি এই জরিপের ভবিষ্যৎ অনলাইন জরিপ যা সংগঠিত হবে প্রতি তিনমাস পরপর, ডিসেম্বর ৩১, ২০২২ এ।

আমাদের সাথে যোগাযোগ ছাড়াও আপনি যতবার ইচ্ছে ততবার এই জরিপে অংশ নিতে পারবেন ।

তবে আপনার নিজের ইমেল ঠিকানা সরবরাহ করা বা এখন বা ভবিষ্যতে এই জরিপে অংশ নেওয়ার কোনও বাধ্যবাধকতা নেই।

এই জরিপে অংশগ্রহণের উপকারিতা কি?

আমরা প্রতিশ্রুতি দিতে পারি না যে আপনি এই গবেষণা প্রকল্পে আপনার অংশগ্রহণ থেকে সরাসরি উপকৃত হবেন বা আপনার অংশগ্রহণের জন্য আমরা আপনাকে কোনো অর্থ প্রদান করব।

আপনার প্রতিক্রিয়া হতে পারে, যদিও, কোভিড-১৯ মহামারীর কারণে উত্থাপিত চ্যালেঞ্জ মোকাবেলায় আরও কার্যকর নীতি হতে পারে।

সম্ভাব্য কি কি ঝুঁকি থাকতে পারে?

এই গবেষণার সাথে যুক্ত ঝুঁকিগুলির মধ্যে গোপনীয়তার সম্ভাব্য ক্ষতি অন্তর্ভুক্ত রয়েছে (উদাহরণ স্বরূপ, আপনি যদি আপনাকে শনাক্তযোগ্য কোনো ইমেইল ঠিকানা দেন এবং যদি আমাদের ওয়েবসাইট হ্যাকিং এর শিকার হয়)। ব্যক্তিগত সনাক্তকরণের ঝুঁকি হ্রাস করতে, এই জরিপে আপনার ব্যক্ত প্রতিক্রিয়া (অন্যান্যদের সাথে) একটি নির্ভরযোগ্য, নিরাপদ ও সনাক্ত করা যায় না এমন একটি সার্ভার এ সংরক্ষিত করা হবে যা ইউনিভার্সিটি অব মেলবোর্ন এ অবস্থিত (এবং অন্য আর সকল তথ্য, যেমন আপনার ইমেইল থেকে ডিলিংক করা হবে) যা আপনাকে সনাক্ত করতে সহযোগিতা করতে পারে। অধিকন্তু, এই গবেষণা থেকে প্রাপ্ত ফলাফল সমষ্টিগত ভাবে প্রকাশ করা হবে, জনসংখ্যার দলগতভাবে এবং দেশ হিসেবে, এবং একক ভাবে নয়। এই জরিপের জন্যে জড়ো হওয়া প্রদত্ত প্রতিক্রিয়া খুব বড় হবে বলে আশা করা হচ্ছে, কাজেই আপনার দেয়া নির্দিষ্ট প্রতিক্রিয়া সরকার বা আন্তর্জাতিক সংস্থাগুলি দ্বারা সনাক্ত করণের ঝুঁকি খুবই সীমাবদ্ধ। কিন্তু তবুও, এই জরিপে অংশ গ্রহণের সিদ্ধান্ত নেওয়ার আগে এগুলি বিবেচনা করুন।

সামাজিক সম্পর্কের প্রশ্নের উত্তর দেওয়ার কারণে আপনার দুঃখানুভুতি বা মর্মপীড়া হতে পারে, কিংবা কোভিড-১৯ উদ্‌ভুত স্বাস্থ্য বা অর্থনৈতিক প্রভাব ও সম্ভবত আপনার অভিজ্ঞতা হতে পারে। এই পরিস্থিতিতে, আমাদের সুপারিশ থাকবে আপনার এলাকার সামাজিক সংগঠন বা সরকারি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠানের সাহায্য নেওয়ার। আপনি টেলিফোনের মাধ্যমেও এই সংস্থাগুলোর সেবা নিতে পারবেন।

আমার কি অংশ নিতেই হবে?

না। আপনার অংশগ্রহণ সম্পূর্ণ স্বেচ্ছাধীন। দায়িত্বশীল গবেষক প্রফেসর বারবারা ম্যাকপাকেকে লিখে আপনি যে কোনও সময় প্রত্যাহার করতে পারেন (নিচে তাঁর সাথে যোগাযোগের বিস্তারিত ঠিকানা দেয়া আছে)। আমরা যদিও, আপনার প্রত্যাহারের বিজ্ঞপ্তি দেয়ার আগে পর্যন্ত, আপনার দেয়া তথ্য আমরা অনির্দিষ্ট সময়ের জন্য রেখে দেব। এর কারণ কোভিড-১৯ মহামারীর প্রভাব সম্ভবত বহু বছর ধরে চলবে এবং ভবিষ্যতে এইরকম কিছু ঘটলে বর্তমান মহামারী সময়ের অভিজ্ঞতা তখন সকলকে অবহিত করা যেতে পারে।

আমরা আপনার দেয়া তথ্য আরো এই কারণে রাখবো, যা আমাদের আইনী এবং ব্যবস্থাপনা নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা মেনে চলতে সাহায্য করবে। আমরা আপনার দেয়া তথ্য গুলো আপনার বেনামে (যা আপনাকে খুঁজে পাওয়া যাবেনা এমন) অন্যদের সাথে গবেষণার উদ্দেশ্যে অনুমোদিত আইন অনুসারে, বা জনস্বার্থের কারণে সরবরাহ করতে পারি।

আমি কি এই প্রকল্পের ফলাফল শুনতে পারবো?

অনলাইন জরিপে আপনার দেয়া তথ্য অনুযায়ী, এই গবেষণা থেকে প্রাপ্ত নির্বাচিত সারসংক্ষেপ বা ফলাফল এবং তালিকা বা বর্ণনাচিত্র সরাসরি এই ওয়েবসাইট থেকে দেখা যাবে।

এছাড়াও, এই গবেষণা থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে প্রাপ্ত তথ্যের উপর ভিত্তি করে আশা করা যায় যা বৈজ্ঞানিক জার্নালে প্রকাশ করা হবে। পেশাদার কোনো সম্মেলনে উপস্থাপিত করা হবে এবং সংক্ষিপ্ত নিয়মাবলী সংক্রান্ত কর্মপন্থা কিংবা ব্যক্তিগত মতামত বা অভিমত হিসেবে উপস্থাপন করা হবে। এই আর্টিকেল সমূহে প্রবেশের জন্যেও এই ওয়েবসাইট থেকে লিংক সরবরাহ করা হবে।

আমার সম্পর্কে দেয়া তথ্য কি হবে?

আমরা আপনার সরবরাহকৃত তথ্য অনির্দিষ্ট সময়ের জন্য রাখব। এর কারণ কোভিড-১৯ মহামারীর প্রভাব সম্ভবত বহু বছর ধরে চলবে এবং ভবিষ্যতে এইরকম কিছু ঘটলে বর্তমান মহামারী সময়ের অভিজ্ঞতা তখন সকলকে অবহিত করা যেতে পারে।

আমরা আপনার দেয়া তথ্য আরো এই কারণে রাখবো যা আমাদের আইনী এবং ব্যবস্থাপনা নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা মেনে চলতে সাহায্য করবে। আমরা আপনার দেয়া তথ্য গুলো আপনার বেনামে (যা আপনাকে খুঁজে পাওয়া যাবেনা এমন) অন্যদের সাথে গবেষণার উদ্দেশ্যে অনুমোদিত আইন অনুসারে, বা জনস্বার্থের কারণে সরবরাহ করতে পারি।

আপনার ব্যক্তিগত তথ্য সনাক্তকরণের ঝুঁকি হ্রাস করতে, এই জরিপে দেয়া আপনার সমস্ত তথ্য অত্যন্ত নিরাপদ এবং শনাক্ত করা যায় না (আপনার কাছে খুঁজে পাওয়া যায় এমন কোনও তথ্য তালিকাভুক্ত না করা, যেমন আপনার ইমেইল) এমন একটি সার্ভারে সংরক্ষিত থাকবে যা ইউনিভার্সিটি অফ মেলবোর্ন এ অবস্থিত এবং নোসাল ইনস্টিটিউট এর প্রতিষ্ঠানের আভ্যন্তরীণ একটি দল দ্বারা পরিচালিত।

আমি আরও তথ্য কোথায় পেতে পারি?

আপনি যদি এই প্রকল্প সম্মন্ধে আরো তথ্য জানতে চান, তাহলে দায়িত্বশীল গবেষক প্রফেসর বারবারা ম্যাকপাকের সাথে যোগাযোগ করতে পারেন (টেলিফোন: +৬১ ৩ ৮৩৪৪৯২৯৯, ইমেইল: ni-info@unimelb.edu.au)।

প্রকল্প সম্পর্কে আমার কোনও উদ্বেগ থাকলে আমি কার সাথে যোগাযোগ করতে পারি?

এই গবেষণা প্রকল্পটি ইউনিভার্সিটি অব মেলবোর্নের হিউমান রিসার্চ এথিক্স কমিটি দ্বারা অনুমোদিত হয়েছে।

এই গবেষণা প্রকল্পের পরিচালনা অথবা কোনো কার্যক্রম সম্পর্কে আপনার যদি কোনও উদ্বেগ বা অভিযোগ থেকে থাকে, যা আপনি এই প্রকল্পের গবেষণা কাজে লিপ্ত কারো সাথে আলোচনা করতে চান না, তাহলে আপনি প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ করতে পারেন, হিউমান রিসার্চ এথিক্স, রিসার্চ এথিক্স এবং ইন্টিগ্রিটি, ইউনিভার্সিটি অব মেলবোর্ন, ভিক্টোরিয়া ৩০১০। টেলিফোন: +৬১ ৩ ৮৩৪৪ ২০৭৩ অথবা ইমেইল: HumanEthics-complaints@unimelb.edu.au.

আপনার সমস্ত অভিযোগ অত্যন্ত গোপনীয়তার সাথে ব্যবস্থা নেয়া হবে। যেকোনো যোগাযোগের ক্ষেত্রে অনুগ্রহপূর্বক রিসার্চ টীম এর নাম অথবা নাম বা এথিক্স আইডি নম্বর উল্লেখ করুন।

*নোসাল ইনস্টিটিউট ফর গ্লোবাল হেলথ: ইউনিভার্সিটি অব মেলবোর্নের স্কুল অব পপুলেশন এবং গ্লোবাল হেলথ এর মধ্যে অবস্থিত, নোস্যাল ইনস্টিটিউট ফর গ্লোবাল হেলথ, যা স্যার গুস্তাভ নোসালের সম্মানে নামকরণ করা হয়েছে এবং যা তাঁর প্রতিশ্রুতি অনুযায়ী চিকিৎসা গবেষণা অনুবাদ করে সবার জন্য স্বাস্থ্য নিশ্চিত করা।
(https://mspgh.unimelb.edu.au/centres-institutes/nossal-institute-for-global-health/about-us/about-the-nossal-institute)

এই সংস্থাটি ২০০৬ সালে প্রতিষ্ঠিত হয়েছিল দুর্বল জনগোষ্ঠীর জনস্বাস্থ্যের পক্ষে আইনানুগ কাজ করার জন্যে।

এই সংস্থার মূল উদ্দেশ্য হলো, সমসাময়িক স্বাস্থ্য খাতের সমস্যাগুলির বিষয়ে শিক্ষা এবং বিকাশের প্রতিক্রিয়া জানানোর জন্যে, স্বাস্থ্য ব্যবস্থার অন্তর্ভুক্ত বিষয়গুলোকে ব্যবহারিক গবেষণার মাধ্যমে আরও শক্তিশালী করা এবং সামর্থ্য আছে এমন পর্যায়ে নিয়ে আসা।